



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
(বারটান)  
পুষ্টি শিক্ষা শাখা  
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা  
[www.birtan.gov.bd](http://www.birtan.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৭.২৫.০০১.১৯-৬৮৩

তারিখ: ১৯ কার্তিক ১৪২৬

০৪ নভেম্বর ২০১৯

বিষয়: বিদেশগামী কর্মীদের খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। ১২.০৯.০০০০.০০৬.৭১.০০১.১৮-৮, তারিখ: ০৪.১২.২০১৮ খ্রি:

২। ৪৯.০১.০০০০.৩৪০.১৮.০২১.১৬/৪৯৫, তারিখ: ২০-১২-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) নিরাপদ ও প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণপূর্বক জনগণের পুষ্টি স্তর উন্নয়নে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। পুষ্টির অবস্থা নির্ধারণ, পুষ্টি সম্পর্কিত জ্ঞানের স্তর বৃদ্ধি এবং পুষ্টি সমৃদ্ধ সুস্বাদু খাবার গ্রহণের মাধ্যমে পুষ্টি চাহিদা পূরণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কার্যক্রমও অব্যাহত আছে।

০২। বাংলাদেশ হতে উল্লেখযোগ্য সংখ্যক কর্মী প্রতি বছর বিদেশে গমন করছেন। বিভিন্ন তথ্য হতে জানা যায় যে, বিদেশে কর্মরত কর্মীদের মধ্যে একটি বৃহৎ অংশ হৃদরোগে মৃত্যুবরণ করছেন। পুষ্টি সম্পর্কিত জ্ঞানের অভাব, পুষ্টি সমৃদ্ধ সুস্বাদু খাবার গ্রহণ না করা, শারীরিক সক্রিয়তার ঘাটতি, ত্রুটিপূর্ণ খাদ্যাভাস এবং নিয়ন্ত্রিত জীবনযাপনের অনীহা ইত্যাদি কারণে অনেকেই হৃদরোগসহ অন্যান্য কারণে মৃত্যুবরণ করেন। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বিদেশগামী কর্মীদেরকে প্রাক-বহির্গমন ত্রিফীং প্রদানের জন্য ০১ সূত্রস্ব স্মারকের মাধ্যমে বিদেশগামী কর্মীদের খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার জন্য অনুরোধ করা হলে (ফটোকপি সংযুক্ত) ০২ সূত্রস্ব স্মারকের মাধ্যমে ০৩টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র যথাক্রমে বিকেটিটিসি, বিজিটিটিসি এবং শেখ ফজিলাতুল্লাহ মুজিব মহিলা টিটিসি-তে প্রশিক্ষণ প্রদানের জন্য অনুমতি প্রদান করা হয় (ফটোকপি সংযুক্ত)। ২০১৮-১৯ অর্থ বছরে ৬৬২ জন বিদেশগামী কর্মীকে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বারটান মনে করে ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ বিদেশগামী কর্মীদের সুস্বাদু ও পুষ্টিকর খাবার গ্রহণ, ত্রুটিপূর্ণ খাদ্যাভাস ত্যাগ, নিয়ন্ত্রিত জীবনযাপন এবং পরিমিত কায়িক পরিশ্রমে উৎসাহিত করবে। এ লক্ষ্যে বারটান-এর ০৭টি আঞ্চলিক কার্যালয়ের (নেত্রকোনা, রংপুর, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, বরিশাল, নোয়াখালী, সুনামগঞ্জ) মাধ্যমেও বিদেশগামী কর্মীদের ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে আগ্রহী।

০৩। এমতাবস্থায়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-এর অধীনে নেত্রকোনা, রংপুর, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, বরিশাল, নোয়াখালী, সুনামগঞ্জ জেলায় অবস্থিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৪-১১-২০১৯

ঝরনা বেগম

মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ৮৯/২,  
কাকরাইল, ঢাকা।

নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)